
## Akshay Kumar Dutt (1820-18 AD)




Source: Bharat Kosh

https://commons.wikimedia.org/wiki/File:%E0%A6%AD%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%95%E0%A7%8B%E0%A6%B7_-_%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A5%E0%A6%AE_%E0%A6%96%E0%A6%A3%E0%A7%8D%E0%A6%A1.pdf

**English translation:** by Debanjan Ray (debanjan.ray@gmail.com, Mob: +91-9845904804) , with the help of Google OCR and translator.

===============

Undoubtedly, Akshay Kumar Dutt (1820-18 AD) was able to leave his mark on the history of Bengali prose literature and the Brahmo movement in the mid-nineteenth century, inspired by uninterrupted scientific rationalism. His birthplace is the village of Chupi near Navadwip. At the age of nineteen, Akshay Kumar was forced to drop out of school and try to pursue a career as his father-in-law caused adverse family circumstances. But in later life his desire for learning and knowledge never diminished. At the age of at least fourteen, he wrote a book of poetry called Anangamohan. Early in his youth, he met Ishwar Chandra Gupta, the editor of Sangbad-Prabhakar. At the request of Guptakabir, he started translating something from the English magazine 'Englishman' for

'Sangbad-Prabhakar'. This was the beginning of his prose writing and he soon rose to prominence as a prolific writer of Sangbad-Prabhakar.

On 25 December 1839, at the suggestion of Ishwar Chandra Gupta, he was nominated a member of the Tattvabodhini Sabha established by Devendranath Tagore and for some time served as its assistant editor. On 13 June 1840, when Devendranath established the Tattvabodhini Pathshala in Calcutta, Akshay Kumar became its teacher; And Tattvabodhini edited it from the meeting. Due to his management skills and writing skills, this magazine soon became the best periodical in Bengal at that time. Apart from theory, it also contained excellent essays on literature, science, philosophy, archeology, history, geography, etc., and some of the essays were illustrated. Most of Akshay Kumar's well-known masterpieces were first published in it. But Akshay Kumar was not only a paid editor of Tattvabodhini, he also embraced the ideals of Brahmo Samaj and Tattvabodhini Sabha.

On December 21, 1843, he was initiated into Brahmanism by Pandit Ramchandra Vidyabagish along with Debendranath Tagore and nineteen other friends. This was the first initiation of the Brahmo community in the Brahmo community. Scientific rationalism was always strong in Akshay Kumar's mind. Until then, the Brahmo Samaj did not abandon its belief in the infallibility of the Vedas. Akshay Kumar was one of the leaders in the Brahmo Samaj who raised questions against this kind of blind scriptural belief. Debendranath's doubts arose in his mind mainly after discussing the problem with them, and after much thought and practice, the Brahmo Samaj finally unanimously renounced its belief in infallible scriptures. Then the 'self-confident, pure heart with knowledge' became the foundation of Brahmanism. Akshay Kumar's name is associated with this great change in the evolution of the religion of the Brahmo Samaj. Akshay Kumar was an ardent supporter of all forms of social reform. On 15 December 1854, in the building of Kisherichand Mitra at Kashipur, an institution "Samjjyoti bidhayini Sahrit Samiti" was formed mainly for the purpose of eradication

of superstition and social welfare, under the initiative from Kisherichand Mitra, Parichand Mitra, Harishchandra Mukhepadhyay, Chandrasekhar Dev, Rajendralal Mitra, Rasilak Mitra. First Debendranath Tagore and then Akshay Kumar Dutt wwere elected its president and editor respectively. The objectives of this organization included introduction of women's education, introduction of remarriage of Hindu widows, abolition of child marriage and prevention of polygamy. Akshay Kumar also wholeheartedly supported Ishwar Chandra Vidyasagar's widowhood movement and wrote in support of this movement on the pages of Tattvabodhini.

When Devendranath took the initiative to unite the entire educated Hindu community against the forcible conversion of Hindus to Christianity by the Christian clergy, he also found Akshay Kumar as an accomplice in that task. Akshay Kumar also wrote on the page of Tattvabodhini against the oppression of the Nilakars and the cruel oppression of the zamindars. When the "Normal School" was established in Calcutta on 16 July 1855, at the request of the founder Vidyasagar, he took over as the headmaster with a monthly salary of 150 rupees. But he was forced to resign in August 1857, due to the ille health problem of his headache. At that time, mainly due to the efforts of Vidyasagar, he was given a monthly stipend of Rs. 25/- But in a short time, he gave up this scholarship as there was an increase in his earning from the sale of his his books.

When the Brahmo Samaj was re organized by Debendranath after the death of Rammohun, there were mainly two features of the thought process of Brahmo Samaj. One is devotionalism, the other is rationalism. A beautiful combination of these two streams can be seen in Ramamahan's thought, he was able to successfully combine Western knowledge with Vedic theology. The thinking of the leaders of the later Brahmo Samaj, according to their personal nature, has tended to be either the first or the second. In his life, thoughts and writings, Akshay Kumar has mainly highlighted this rational aspect of Rammahan's life philosophy. Although he was the leader in this case, but he was not alone. They had a team. They also had occasional disagreements with the devotional Debendranath, although these disagreements never caused a rift between them.

The infallible scriptures had the unwavering support of the rationalist Brahmadis like Akshay Kumar on the issue of eradication of all kinds of social evils and introduction of social welfare system. It is worth mentioning here that Akshay Kumar was one of the supporters of the introduction of worship of God in Bengali instead of Sanskrit in the Brahmo Samaj. Even though he was a Brahmin, he did not accept the need for prayer. In his last life he became very agnostic.

He is remembered in Bengali literature for the special enrichment of modern Bengali prose style by successfully initiating the practice of knowledge and science in Bengali in the style of Western rationalist philosophical and scientific texts. His prose is clear, informative, logical and graceful. Although Debendranath and Vidyasagar initially corrected some of his writings, they soon became obsolete. In his books Judgment on the Relation of Human Nature to Exterior (Part I, 1851 AD; Part II, 1853 AD) and Religion (1856 AD), he has given a very systematic and rational discussion. Although the first book is based on George Coomb's book, Constitution of Man, it is not an exact translation. The second book is based on various English texts. The terminology he has created in Bengal using the English word in the first text is intriguing and valuable in terms of the construction of public and private terminology at the present time. His 'Charupath' (Part I, 1853 AD; Part II, 1854 AD; Part III, 1859 AD) brought an epoch in the field of early childhood education. His most famous work is the Indian Scholarly Worship '(Part I, 160 AD; Part II, 163 AD). This is the first successful attempt to write such a book in Bengali. Although the book is based primarily on Horace Heyman Wilson's Sketch of the Religious Sects of the Hindus, published in the sixteenth and seventeenth volumes of Asiatic Research, it also contains much of Akshay Kumar's basic research. "The Voyage and Trade Expansion of His Ancient Hindus" (published in 1901 after the death of the author and edited by his son Rajininath Dutt) is one such basic research book. His other books include the Lecture of the Third Annual Meeting in Memory of Mr. David Hare (1845 AD); 'Advice to Steam Riders' (1855 AD); Notable are the proposals for the development of religion (1855 AD) and the study of physics (1856 AD). Satyendranath

Dutta, the well-known poet of Bengali literature, is the grandson of Akshay Kumar.

**References:** Nakur Biswas, Akshayacharita, Calcutta, 1294 BS; Mahendranath Roy Vidyanidhi, Biography of Shri Babu Akshay Kumar Dutt, Calcutta, 1292 BS; Harimohan Mukherjee, author of the Bengali language, first volume, Calcutta, 1904; Shivnath Shastri, Ramtanu Lahiri and the then Bangasamaj, Calcutta, 1904; Rajnarayan Bose, Lecture on Bengali Language and Literature, Calcutta, 16 AD; Autobiography of Maharshi Debendranath Tagore, 4th edition, Calcutta, 1982; Brajendranath Bandyopadhyay, Sahityasadhak-Charitmala 12, Calcutta 1348 BS; Sukumar Sen, Prose in Bengali Literature, 1341 BS.

Authored by: Sushilkumar Gupta

===============

# অক্ষয়কুমার দত্ত

রচনাঃ সুশীলকুমার গুপ্ত

অক্ষয়কুমার দত্ত (১৮২০-১৮৮৬ খ্র) উনবিংশ শতাব্দীর মধ্যভাগে নিরবচ্ছিন্ন বৈজ্ঞানিক যুক্তিবাদের অনুপ্রেরণায় যে সকল মনীষী বাংলা গদ্যসাহিত্য ও ব্রাহ্ম আন্দোলনের ইতিহাসে স্বীয় প্রতিভার বিশিষ্ট স্বাক্ষর রাখিয়া যাইতে সমর্থ হইয়াছেন, অক্ষয়কুমার দত্ত নিঃসন্দেহে তাহাদের মধ্যে প্রধান। তাঁহার জন্মস্থান নবদ্বীপের নিকটবর্তী চুপী গ্রাম। উনবিংশ বর্ষ বয়ঃক্রম কালে পিতৃবিয়োগের ফলে প্রতিকূল সাংসারিক অবস্থার সৃষ্টি হওয়ায় অক্ষয়কুমার বিদ্যালয় পরিত্যাগ করিয়া বিষয়কর্মের চেষ্টা করিতে বাধ্য হন। কিন্তু পরবর্তী জীবনে তাহার শিক্ষাভিলাষ ও জ্ঞানস্পৃহা কখনও হ্রাস পায় নাই। ন্যূনাধিক চতুদশ বৎসর বয়সে তিনি ‘অনঙ্গমোহন’ নামে একখানি কাব্যগ্রন্থ রচনা করেন। যৌবনের প্রারম্ভে সংবাদ-প্রভাকর’-সম্পাদক কবি ঈশ্বরচন্দ্র গুপ্তের সহিত তাহার পরিচয় ঘটে। গুপ্তকবির অনুরোধে ‘সংবাদ-প্রভাকর'-এর জন্য তিনি ইংলিশম্যান’ নামক ইংরেজী পত্রিকা হইতে কিছু কিছু অনুবাদ করিতে আরম্ভ করেন। এই সূত্রে তাঁহার গদ্যরচনার সূচনা হয় এবং অচিরেই তিনি সংবাদ-প্রভাকর’-এর একজন বিশিষ্ট লেখকরূপে খ্যাতি লাভ করেন। ১৮৩৯ খ্রীষ্টাব্দের ২৫ ডিসেম্বর ঈশ্বরচন্দ্র গুপ্তের প্রস্তাবে তিনি দেবেন্দ্রনাথ ঠাকুর প্রতিষ্ঠিত তত্ত্ববোধিনী সভার সভ্য মনোনীত হন এবং কিছুকাল ইহার সহকারী সম্পাদকের কার্য করেন। ১৮৪০ খ্রী ১৩ জুন কলিকাতায় দেবেন্দ্রনাথ কর্তৃক

তত্ত্ববোধিনী-পাঠশালা স্থাপিত হইলে অক্ষয়কুমার ইহার শিক্ষক নিযুক্ত হন ; এবং তত্ত্ববোধিনী সভা হইতে তাহার প্রণীত

সম্পাদনা করিয়াছিলেন। তাহার পরিচালননৈপুণ্যে ও রচনাগুণে এই পত্রিকা অনতিবিলম্বে তৎকালীন বঙ্গদেশের শ্রেষ্ঠ সাময়িকপত্রে পরিণত হয়। তত্ত্ববিদ্যা ব্যতীত সাহিত্য, বিজ্ঞান, দর্শন, পুরাতত্ত্ব, ইতিহাস, ভূগোল প্রভৃতি বিষয়েও উৎকৃষ্ট প্রবন্ধাবলী ইহাতে স্থান পাইত এবং কোনও কোনও প্রবন্ধ সচিত্রও হইত। অক্ষয়কুমারের নিজের সুপরিচিত উৎকৃষ্ট রচনার অধিকাংশই ইহাতে প্রথম প্রকাশিত হয়। কিন্তু অক্ষয়কুমার কেবলমাত্র তত্ত্ববোধিনী পত্রিকার বেতনভোগী সম্পাদকই ছিলেন না, তিনি মনে প্রাণে ব্রাহ্মসমাজ ও তত্ত্ববোধিনী সভার আদর্শকে গ্রহণ করিয়াছিলেন। ১৮৪৩ খ্র ২১ ডিসেম্বর ( ৭ পৌষ ১৭৬৫ শক ) তিনি দেবেন্দ্রনাথ ঠাকুর ও অপর উনিশজন বন্ধুর সহিত পণ্ডিত রামচন্দ্র বিদ্যাবাগীশের নিকট ব্রাহ্মধর্মে দীক্ষা গ্রহণ করেন। ব্রাহ্মসমাজে এই প্রথম দীক্ষিত ব্রাহ্মসম্প্রদায়ের পত্তন হইল। অক্ষয়কুমারের মনে সর্বদা বৈজ্ঞানিক যুক্তিবাদ প্রবল ছিল। তখন পর্যন্ত ব্রাহ্মসমাজ বেদের অভ্রান্ততায় বিশ্বাস পরিত্যাগ করেন নাই। ব্রাহ্মসমাজের মধ্যে এই প্রকার অন্ধ শাস্ত্রবিশ্বাসের বিরুদ্ধে যাহারা প্রশ্ন তুলিয়াছিলেন অক্ষয়কুমার তাহাদিগের নেতৃস্থানীয় ছিলেন। মুখ্যতঃ ইহাদের সহিত সমস্যাটির আলোচনা করিয়াই দেবেন্দ্রনাথের মনেও এই বিষয়ে সন্দেহ জাগে এবং বহু চিন্তা ও অনুশীলনের পর অবশেষে সর্বসম্মতিক্রমে ব্রাহ্মসমাজ অভ্রান্ত শাস্ত্রে বিশ্বাস পরিত্যাগ করেন। অতঃপর 'আত্মপ্রত্যয়সিদ্ধ জ্ঞানোজ্জলিত বিশুদ্ধ হৃদয়' ব্রাহ্মধর্মের ভিত্তিভূমি বলিয়া স্থির হইল। ব্রাহ্মসমাজের ধর্মমতের বিবর্তনে এই বৃহৎ পরিবর্তনটির সহিত অক্ষয়কুমারের নাম জড়িত হইয়া আছে। অক্ষয়কুমার সর্ববিধ সমাজসংস্কারের উৎসাহী সমর্থক ছিলেন। ১৮৫৪ খ্রী ১৫ ডিসেম্বর কাশীপুরে কিশোরীচাঁদ মিত্রের ভবনে মুখ্যতঃ কুসংস্কার-উচ্ছেদ ও সমাজকল্যাণসাধনের উদ্দেশ্যে, কিশোরীচাঁদ মিত্র, প্যারীচাঁদ মিত্র, হরিশ্চন্দ্র মুখোপাধ্যায়, চন্দ্রশেখর দেব, রাজেন্দ্রলাল মিত্র, রসিককৃষ্ণ মল্লিক, রাধানাথ শিকদার প্রভৃতির উদ্যোগে সমাজোতিবিধায়িনী সুহৃৎসমিতি' নামক যে প্রতিষ্ঠান গঠিত হইয়াছিল, দেবেন্দ্রনাথ ঠাকুর ও অক্ষয়কুমার দত্ত যথাক্রমে তাহার সভাপতি ও সম্পাদক নির্বাচিত হইয়াছিলেন। স্ত্রীশিক্ষার প্রবর্তন, হিন্দুবিধবার পুনর্বিবাহ প্রচলন, বাল্যবিবাহবর্জন ও বহুবিবাহনিরোধ এই সভার কার্যতালিকাভুক্ত ছিল। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বিধবাবিবাহ-আন্দোলনও অক্ষয়কুমার মনেপ্রাণে সমর্থন করিয়া তত্ত্ববোধিনী পত্রিকার পৃষ্ঠায় এই আন্দোলনের সপক্ষে লেখনী চালনা করেন।

খ্রীষ্টীয় ধর্মযাজকগণ কর্তৃক বলপূর্বক হিন্দুদিগকে খ্রীষ্টধর্মে দীক্ষাদানের বিরুদ্ধে দেবেন্দ্রনাথ যখন সমগ্র শিক্ষিত হিন্দুসমাজকে সংঘবদ্ধ করিবার জন্য উদ্যোগী হন, তখন সেই কার্যেও তিনি অক্ষয়কুমারকে সহযোগী রূপে পাইয়াছিলেন। তত্ত্ববোধিনী পত্রিকার পৃষ্ঠায় নীলকর সাহেবদের অত্যাচার ও জমিদারগণের নিষ্ঠুর প্রজাপীড়নের বিরুদ্ধেও অক্ষয়কুমার লেখনীচালনা করেন। ১৮৫৫ খ্রী ১৭ জুলাই কলিকাতায় নর্মাল স্কুল প্রতিষ্ঠিত হইলে, প্রতিষ্ঠাতা বিদ্যাসাগরের অনুরোধে তিনি মাসিক ১৫০ টাকা বেতনে প্রধান শিক্ষকের কার্যভার গ্রহণ করেন। কিন্তু শিরোনোগের প্রাবল্যে ১৮৫৮ খ্রী, আগস্ট মাসে তাহাকে এই পদ পরিত্যাগ করিতে হয়। সেই সময় প্রধানতঃ বিদ্যাসাগরের প্রচেষ্টায় তত্ত্ববোধিনী সভা হইতে তাহাকে মাসিক ২৫, টাকা বৃত্তিদানের ব্যবস্থা

হয়। কিন্তু অল্পকালের মধ্যেই তাহার পুস্তকের আয় বৃদ্ধি পাওয়াতে তিনি উক্ত বৃত্তি পরিত্যাগ করেন।

রামমোহনের মৃত্যুর পর যখন দেবেন্দ্রনাথ কর্তৃক ব্রাহ্মসমাজ নূতনভাবে সংগঠিত হইল তখন ব্রাহ্মসমাজের চিন্তা| ধারায় প্রধানতঃ দুইটি বৈশিষ্ট্য দেখা দিয়াছিল। ইহার একটি ভক্তিবাদ, অপরটি যুক্তিবাদ। রামমোহনের চিন্তাধারার মধ্যে এই দুই ধারার সুন্দর সমন্বয় লক্ষ্য করা যায়, বৈদান্তিক ব্রহ্মজ্ঞানের সহিত তিনি পাশ্চাত্ত্য জ্ঞান-বিজ্ঞানকে সার্থকভাবে মিলাইতে পারিয়াছিলেন। পরবর্তী কালের ব্রাহ্মসমাজের নেতৃবৃন্দের চিন্তাধারায় ব্যক্তিগত প্রকৃতি অনুসারে কখনও বা প্রথমটি কখনও বা দ্বিতীয়টির উপর ঝোঁক পড়িয়াছে। অক্ষয়কুমার তাহার জীবনে, চিন্তায় ও রচনায় মুখ্যতঃ রামমোহনের জীবনদর্শনের এই যুক্তিবাদী দিকটিকেই ফুটাইয়া তুলিয়াছেন। এই ক্ষেত্রে তিনি প্রধান হইলেও একক ছিলেন না। তাহাদের একটি দল ছিল। ভক্তিবাদী দেবেন্দ্রনাথের সহিত তাহাদের সময়ে সময়ে মতবিরোধও হইত, যদিও এই মতভেদ তাঁহাদের মধ্যে কখনও বিচ্ছেদ ঘটায় নাই। অভ্রান্ত শাস্ত্রে বিশ্বাসবর্জন সর্ববিধ সামাজিক কুপ্রথার উচ্ছেদ ও সমাজকল্যাণ -মূলক ব্যবস্থার প্রচলন প্রভৃতি বিষয়ে অক্ষয়কুমার প্রমুখ যুক্তিবাদী ব্রাহ্মদিগের অকুণ্ঠ সমর্থন ছিল। এইস্থলে উল্লেখ যোগ্য, ব্রাহ্মসমাজে সংস্কৃত ভাষার পরিবর্তে বাংলা ভাষায় ঈশ্বরেপাসনা প্রবর্তনের অক্ষয়কুমার অন্যতম সমর্থক ছিলেন। ব্রাহ্ম হইলেও তিনি প্রার্থনার আবশ্যকতা স্বীকার করিতেন না। শেষ জীবনে তিনি অনেকটা অজ্ঞাবাদী (agnostic) হইয়া উঠেন। পাশ্চাত্ত্য যুক্তিবাদী দার্শনিক ও বৈজ্ঞানিক গ্রন্থের আদর্শে বাংলা

ভাষায় জ্ঞান-বিজ্ঞান চর্চার সার্থক সূত্রপাত করিয়া তিনি আধুনিক বাংলা গদ্যরীতির যে বিশেষ পরিপুষ্টি সাধন করিয়া গিয়াছেন, তাহার জন্য বাংলা সাহিত্যে তিনি চিরস্মরণীয়। তাহার গদ্য রচনা স্পষ্ট, তথ্যনিষ্ঠ, যুক্তিনির্ভর ও প্রসাদগুণযুক্ত। প্রথমদিকে দেবেন্দ্রনাথ ও বিদ্যাসাগর তাঁহার রচনার কিছু কিছু সংশোধন করিয়া দিলেও, শীঘ্রই উহার প্রয়োজন অতীত হয়। তাঁহার 'বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার' ( প্রথম ভাগ, ১৮৫১ খ্রী ; দ্বিতীয় ভাগ, ১৮৫৩ খ্রী) ও ধর্মনীতি' (১৮৫৬ খ্রী) শীর্ষক পুস্তকদ্বয়ে তিনি অতি সুশৃঙ্খল যুক্তিনিষ্ঠ আলোচনা করিয়াছেন। প্রথমোক্ত গ্রন্থটি জর্জ কুম্ব রচিত 'কনস্টিটিউশন অফ ম্যান' নামক পুস্তক অবলম্বনে রচিত হইলেও হুবহু উহার অনুবাদ নহে। দ্বিতীয় পুস্তকখানি নানা ইংরেজী গ্রন্থ অবলম্বনে লিখিত। প্রথম গ্রন্থে তিনি ইংরেজী শব্দ অবলম্বনপূর্বক বাংলায় যে পরিভাষাসমূহ সৃষ্টি করিয়াছেন, বর্তমান সময়ের সরকারি ও বেসরকারি পরিভাষা নির্মাণকার্যের পরিপ্রেক্ষিতে তাহা কৌতূহলোদ্দীপক ও মূল্যবান। বাল্যশিক্ষার ক্ষেত্রে তাহার 'চারুপাঠ' ( প্রথম ভাগ, ১৮৫৩ খ্রী; দ্বিতীয় ভাগ, ১৮৫৪ খ্রী ; তৃতীয় ভাগ ১৮৫৯ খ্র) তৎকালে এক যুগান্তর আনিয়াছিল। ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়' ( প্রথম ভাগ ১৮৭০ খ্রী ; দ্বিতীয় ভাগ ১৮৮৩ খ্র) নামক অসাধারণ পাণ্ডিত্যপূর্ণ গবেষণাগ্রন্থটি তাহার শ্রেষ্ঠ কীর্তি বলা যায়। বাংলা ভাষায় এই জাতীয় গ্রন্থরচনার ইহাই প্রথম সার্থক প্রয়াস। প্রধানতঃ এশিয়াটিক রিসার্চেস' পত্রিকার ষোড়শ ও সপ্তদশ খণ্ডে প্রকাশিত হোরেস হেম্যান উইলসনের 'স্কেচ অফ দি রিলিজিয়াস সেক্টস অফ দি হিন্দুস' নামক প্রবন্ধদ্বয় অবলম্বন করিয়া গ্রন্থটি রচিত হইলেও ইহাতে অক্ষয়কুমারের মৌলিক গবেষণাও যথেষ্ট বর্তমান। তাহার প্রাচীন হিন্দুদিগের সমুদ্রযাত্রা ও বাণিজ্যবিস্তার'ও ( গ্রন্থকারের মৃত্যুর পর তাঁহার পুত্র রজনীনাথ দত্তের সম্পাদনায় ১৯০১ খ্রীষ্টাব্দে প্রকাশিত) এই জাতীয় একখানি মৌলিক গবেষণাগ্রন্থ। তাহার অন্যান্য গ্রন্থের মধ্যে শ্রীযুক্ত ডেবিড হেয়ার সাহেবের নাম স্মরণার্থ তৃতীয় সাম্বৎসরিক সভার বক্তৃতা' (১৮৪৫ খ্রী); 'বাষ্পীয় রথারোহীদিগের প্রতি উপদেশ' ( ১৮৫৫ খ্র);

‘ধর্মোন্নতি সংসাধন বিষয়ক প্রস্তাব (১৮৫৫ খ্রি) ও ‘পদার্থ বিদ্যা’ (১৮৫৬ খ্রী) উল্লেখযোগ্য। বঙ্গসাহিত্যের সুপরিচিত কবি সত্যেন্দ্রনাথ দত্ত অক্ষয়কুমারের পৌত্র।

দ্রঃ নকুড় বিশ্বাস, অক্ষয়চরিত, কলিকাতা, ১২৯৪ বঙ্গাব্দ ; মহেন্দ্রনাথ রায় বিদ্যানিধি, শ্রীযুক্ত বাবু অক্ষয়কুমার দত্তের জীবনবৃত্তান্ত, কলিকাতা, ১২৯২ বঙ্গাব্দ ; হরিমোহন মুখোপাধ্যায়, বঙ্গভাষার লেখক, প্রথম খণ্ড, কলিকাতা, ১৯০৪ খ্রী ; শিবনাথ শাস্ত্রী, রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ, কলিকাতা, ১৯০৪ খ্রী ; রাজনারায়ণ বসু, বাঙ্গালা ভাষা ও সাহিত্যবিষয়ক বক্তৃতা, কলিকাতা, ১৮৭৮ খ্রী ; মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনী, চতুর্থ সংস্করণ, কলিকাতা, ১৯৬২ খ্রী ; ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, সাহিত্যসাধক-চরিতমালা ১২, কলিকাতা ১৩৪৮ বঙ্গাব্দ ; সুকুমার সেন, বাংলা সাহিত্যে গদ্য, ১৩৪১ বঙ্গাব্দ।

সুশীলকুমার গুপ্ত